

বিস্তারিত :

মোঃ ফরহাদ হোসেন ০৩/১০/১৯৬২ তারিখে বাংলাদেশের উত্তরাঞ্চলের দিনাজপুর জেলার বর্তমান বিরামপুর উপজেলায় জন্মগ্রহণ করেন। তাঁর পিতা নিজাম উদ্দীন মন্ডল এবং মাতা রোকেয়া বেগম। তাঁর সহধর্মিণী মোসাঃ রিজিয়া খাতুন। তিনি এক কন্যা সন্তানের জনক ডাঃ লাবিবা ফরহাদ পূর্ণা। তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয় হতে ১৯৮৬ সালে ভূগোল ও পরিবেশ বিষয়ে বি.এস.সি (অনার্স) ও ১৯৮৭ সালে একই বিষয়ে ১ম শ্রেণিতে এম.এস.সি ডিগ্রি লাভ করেন। তিনি গত ১৯/০৭/২০১২ তারিখে বিরামপুর সরকারি কলেজ, দিনাজপুরে অধ্যক্ষ পদে যোগদান করেন। অধ্যক্ষ পদে যোগদানের পূর্বে তিনি ১৩/০৮/১৯৯৪ হতে ১৮/০৭/২০১২ তারিখ পর্যন্ত প্রভাষক হিসাবে বিরামপুর সরকারি কলেজ, দিনাজপুরে এবং ১৩/০৬/১৯৮৩ হতে ১২/০৮/১৯৯৪ তারিখ পর্যন্ত সার্ভে অব বাংলাদেশ, তেজগাঁও, ঢাকায় কর্মরত ছিলেন। সার্ভে অব বাংলাদেশে ২ বছর কার্টোগ্রফিতে প্রশিক্ষণ গ্রহণ করেছেন এবং সার্ভে অব বাংলাদেশে থাকা কালীন অবস্থায় ১৯৮৫ সালে সার্কভুক্তদেশের পররাষ্ট্র মন্ত্রীদের ঢাকায় সম্মেলনের জন্য কনফারেন্স হলে ১৪ফুট/৮ ফুট মানচিত্র অংকন কাজের সফলতার জন্য মানচিত্রাংকন বিদ্যায় এক বিরল সার্টিফিকেট অর্জন করেন। ১৯৯৫ সালে সৃজনশীল পদ্ধতির পূর্ব হতে ৯ম-১০ম, একাদশ-দ্বাদশ শ্রেণির বানিজ্যিক ভূগোল, উচ্চ মাধ্যমিক ও ডিগ্রী পাস শ্রেণির প্রাকৃতিক ও অর্থনৈতিক ভূগোলের বই বাজারে প্রচলিত ছিল। অবসর সময়ে তিনি বই পড়তে পছন্দ করেন। খেলাধুলার বিষয়ে তাঁর বিশেষ আগ্রহ রয়েছে। ভলিবল তাঁর প্রিয় খেলা।